# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**17-05-2026** **Time: 1.30 PM**

---

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১) পাঁচ দেশ সফরের তৃতীয় পর্যায়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সুইডেনের প্রধানমন্ত্রী উল্ফ ক্রিস্টার্সনের সঙ্গে দ্বিপাক্ষিক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করবেন।

# উভয় নেতা রাউন্ড টেবিল ফর ইন্ডাস্ট্রিতে ভাষণ দেবেন।

২) ভারত হরমুজ প্রণালীতে বাণিজ্যিক জাহাজের ওপর হামলার তীব্র নিন্দা জানিয়েছে।

৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সুপ্রিম কোর্টে বিচারপতির সংখ্যা ৩৩ থেকে বাড়িয়ে ৩৭ করার অনুমোদন দিয়েছেন।

৪) মূল্যবান বিভিন্ন ধাতুর ওপর উচ্চহারে সীমা শুল্ক আরোপের পর সরকার রুপো আমদানির ওপর বিধিনিষেধ আরোপ করেছে।

৫) পাঁচটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ২০২৭ সালের জনগণনার প্রথম ধাপে গৃহতালিকা ও আবাসন গণনার ফিল্ড পর্যায়ের কাজ চলেছে।

৬) আই পি এলের ম্যাচে আজ ধরমশালায় পাঞ্জাব কিংস, রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর মুখোমুখি হবে। অপরম্যাচে দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে দিল্লি ক্যাপিটালস খেলবে রাজস্থান র‍্যালসের বিরুদ্ধে।

---

পাঁচদেশ সফরের তৃতীয় পর্যায়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সুইডেনে দু'দিনের সফরে গোথেনবার্গে পৌঁছাবেন। তাঁর এই সফরের ফলে নতুন দিল্লি ও স্টকহোমের মধ্যে গভীরতর মৈত্রীর পথে এক ঐতিহাসিক মাইলফলক হিসেবে চিহ্নিত হবে। প্রধানমন্ত্রী মোদী সুইডেনের প্রধানমন্ত্রী উলফ ক্রিস্টারসনের সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনায় অংশ নেবেন। এই আলোচনার মূল লক্ষ্য হবে দ্বিপাক্ষিক সম্পর্কের সামগ্রিক দিক পর্যালোচনা করা এবং দ্বিপাক্ষিক বাণিজ্য বৃদ্ধির পাশাপাশি কৃত্রিম বুদ্ধিমত্তা, আধুনিক প্রযুক্তি, স্টার্টআপ, স্থিতিস্থাপক সরবরাহ শৃঙ্খল, প্রতিরক্ষা, মহাকাশ, জলবায়ু কার্যক্রম এবং জনগণের সঙ্গে জনগণের সম্পর্ক জোরদার করার লক্ষ্যে সহযোগিতার নতুন নতুন ক্ষেত্র অন্বেষণ করা। এছাড়া, ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট উরসুলা ভন ডের লিয়েনের সঙ্গেও যৌথভাবে, দুই প্রধানমন্ত্রী ইউরোপের শীর্ষস্থানীয় ব্যবসায়িক নেতাদের মঞ্চ— ইউরোপিয়ান রাউন্ড টেবিল ফর ইন্ডাস্ট্রিতে ভাষণ দেবেন।

-------------------

নেদারল্যান্ডাসের হেগে-তে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং নেদারল্যান্ডসের প্রধানমন্ত্রী রব জেটেন-এর মধ্যে অনুষ্ঠিত বিস্তারিত আলোচনার পর, ভারত ও নেদারল্যান্ডস দ্বিপাক্ষিক সম্পর্ককে কৌশলগত অংশীদারিত্ব-এর স্তরে উন্নীত করতে সম্মত হয়েছে। এই আলোচনার সময়, দুই নেতা বাণিজ্য, প্রতিরক্ষা, প্রযুক্তি, জল ব্যবস্থাপনা, পরিচ্ছন্ন শক্তি, স্বাস্থ্যসেবা এবং শিক্ষাসহ বিভিন্ন ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতার বিষয়টি পর্যালোচনা করেন। অগ্রাধিকারপ্রাপ্ত ক্ষেত্রগুলোতে সহযোগিতা আরও জোরদার করার লক্ষ্যে বেশ কিছু চুক্তিও স্বাক্ষরিত হয়। পারস্পরিক সম্পর্ককে কৌশলগত অংশীদারিত্বের স্তরে উন্নীত করার কথা জানিয়ে প্রধানমন্ত্রী মোদী বলেন

যে, গত এক দশকে ভারত ও নেদারল্যান্ডসের সম্পর্কের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি। তিনি নেদারল্যান্ডসকে ভারতের অন্যতম প্রধান ইউরোপীয় অংশীদার হিসেবেও অভিহিত করেন।

বাইট

--------------------

ভারত, হরমুজ প্রণালীতে বাণিজ্যিক জাহাজের ওপর হামলার তীব্র নিন্দা জানিয়েছে। রাষ্ট্রসংঘে ভারতের স্থায়ী প্রতিনিধি পি হরিশ বলেছেন, অসামরিক নাবিকদের লক্ষ্যবস্তু করা এবং নৌচলাচলের স্বাধীনতা ব্যাহত করা কোনোভাবেই সমর্থনযোগ্য নয়। তিনি রাষ্ট্রসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদের একটি বিশেষ বৈঠকে বক্তব্য রাখছিলেন, যার মূল আলোচ্য বিষয় ছিল বৈশ্বিক জ্বালানি ও সরবরাহ প্রবাহের সুরক্ষা নিশ্চিত করা।

ওমানের উপকূলে ভারতের পতাকাবাহী একটি বাণিজ্যিক জাহাজে হামলার ঘটনার কয়েক দিন পরেই শ্রী হরিশ এই মন্তব্য করেন। সোমালিয়া থেকে যাত্রা করা ওই জাহাজটিতে ১৪ জন নাবিককেই ওমানি কর্তৃপক্ষ উদ্ধার করেছে। তবে হামলাকারীদের এখনো শনাক্ত করা সম্ভব হয়নি। চলতি বছরের শুরুর দিকে এই অঞ্চলে সংঘাত তীব্র আকার ধারণ করার পর থেকে ভারতের পতাকাবাহী অন্তত আরও দুটি জাহাজ হামলার শিকার হয়েছে।

--------------------

সিন্ধু জলচুক্তির আওতায় বেআইনি ভাবে গঠিত সালিশি আদালতের রায়কে ভারত খারিজ করে দিয়েছে। বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল সাংবাদিকদের

জানিয়েছেন, এই আদালতের শুক্রবারের দেওয়া রায়ে, সিন্ধু জলচুক্তির আওতায় সর্বাধিক সংখ্যক জলাধারকে যুক্ত করার যে কথা বলা হয়েছে, তা গ্রহণযোগ্য নয়। ওই সালিশি সংস্থার আইনি বৈধতাকে ভারত স্বীকৃতি দেয়না বলে তিনি স্পষ্ট জানিয়েছেন। মুখপাত্র আরো জানান, সিন্ধু জলচুক্তি রদ করার যে সিদ্ধান্ত ভারত নিয়েছে, তা অপরিবর্তিত রয়েছে।

উল্লেখ্য, ১৯৬০ সালের সেপ্টেম্বর মাসে সিন্ধু নদের জল বণ্টন নিয়ে এই চুক্তি হয়েছিল। গত বছর পাহেলগাঁও হামলার পর, ভারত এই চুক্তি না মানার কথা জানায়। না মানার কারণ হিসাবে, সীমান্ত পারের সন্ত্রাসবাদ এবং আন্তর্জাতিক আইনের অধিনে সার্বভৌমত্যের অধিকার হরণ করার মতো অভিযোগ ওঠে পাকিস্তানের বিরুদ্ধে।

--------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সুপ্রিম কোর্টে বিচারপতির সংখ্যা ৩৩ থেকে বাড়িয়ে ৩৭ করার অনুমোদন দিয়েছেন। আইন ও বিচার মন্ত্রক কর্তৃক প্রকাশিত গেজেট বিজ্ঞপ্তি অনুযায়ী, 'সুপ্রিম কোর্ট-এ বিচারকের সংখ্যা সংক্রান্ত আইন, ১৯৫৬'-কে সংশোধন করে রাষ্ট্রপতি এই অধ্যাদেশ জারী করেছেন। এই সংশোধনের ফলে, ভারতের প্রধান বিচারপতিসহ দেশের সর্বোচ্চ আদালতের মোট বিচারপতির সংখ্যা বেড়ে ৩৮-এ দাঁড়াবে।

--------------------

মূল্যবান বিভিন্ন ধাতুর ওপর উচ্চহারে সীমা শুল্ক আরোপের পর সরকার রুপো আমদানির ওপর বিধিনিষেধ আরোপ করেছে। বৈদেশিক বাণিজ্য মহানির্দেশালয় এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে এই বিধিনিষেধের

আওতায় রুপা, এবং সোনা ও প্ল্যাটিনামের প্রলেপযুক্ত রুপাকেও অন্তর্ভুক্ত করা হয়েছে।

-------------------

ভারতের পুরাতত্ত্ব সরবেক্ষন ASI মধ্যপ্রদেশের ধার জেলার ভোজশালা চত্বরে অবস্থিত মন্দিরে হিন্দুদের অবাধ প্রবেশের অনুমতি দিয়েছে। উপাসনা এবং অন্যান্য উদ্দেশ্যে এই অনুমতি বলে মধ্যপ্রদেশ হাইকোর্ট এক রায়ে জানিয়েছে। এই রায়ের ঠিক একদিন পরেই ASI তাদের এই সিদ্ধান্ত জানাল।

উল্লেখ্য, ধারের ভোজশালা হলো দেবী সরস্বতীর মন্দির।

-------------------

২০২৭ সালের জনগণনার প্রথম ধাপে পাঁচটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে গৃহতালিকা ও আবাসন গণনার ফিল্ড পর্যায়ের কাজ শুরু হয়েছে। দেশব্যাপী জনগণনা প্রক্রিয়ার অংশ হিসেবে এই রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলো হলো - রাজস্থান, মেঘালয়, মহারাষ্ট্র, ঝাড়খণ্ড এবং দিল্লি পৌরনিগম এলাকা। এদিকে, অন্ধ্রপ্রদেশ, অরুণাচল প্রদেশ, বিহার, চণ্ডীগড়, ছত্তিশগড়, দাদরা ও নগর হাভেলি এবং দমন ও দিউ, হরিয়ানা, মধ্যপ্রদেশ, পাঞ্জাব, তেলেঙ্গানা এবং উত্তরাখণ্ডে গণনাকারীরা বাড়ি-বাড়ি গিয়ে গৃহতালিকা তৈরির কাজ চালাচ্ছেন।

-------------------

মধ্যপ্রদেশের রতলামে আজ সকালে একটি বড় রেল দুর্ঘটনা এড়ানো সম্ভব হয়েছে। ১২৪৩১ থিরুবনন্তপুরম-হজরত নিজামুদ্দিন রাজধানী এক্সপ্রেসের বি-

ওয়ান কোচে আগুন লেগে যায়। কোটা ডিভিশনের লুনি রিছা এবং বিক্রমগড় আলোট স্টেশনের মাঝখানে ভোর ৫টা ২০ মিনিট নাগাদ এই ঘটনা ঘটে।

রতলাম রেল ডিভিশনের জনসংযোগ আধিকারিক মুকেশ কুমার জানিয়েছেন যে, এই ঘটনায় কোনো হতাহতের ঘটনা ঘটেনি। কোচটিতে থাকা সকল যাত্রীকে নিরাপদে সরিয়ে নেওয়া হয়েছে। কোনো যাত্রী বা রেলকর্মী আহত হননি। আগুনের কারণ খতিয়ে দেখা হচ্ছে।

--------------------

ভারতীয় আবহাওয়া বিভাগ 'IMD' জানিয়েছে, দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু ইতমধ্যেই আরব সাগরের কিছু অংশ, বঙ্গোপসাগর এবং আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে প্রবেশ করেছে। IMD-এর পূর্বাভাস অনুযায়ী, চলতি মাসের ২৬ তারিখে মৌসুমি বায়ু কেরালায় প্রবেশ করবে বলে আশা করা হচ্ছে।

অন্যদিকে, মধ্যপ্রদেশ, রাজস্থান, উত্তরপ্রদেশ এবং বিদর্ভ অঞ্চলে আগামীকাল তাপপ্রবাহের পূর্বাভাস দিয়েছে IMD।

--------------------

নেপালি পর্বতারোহী কামি রিতা শেরপা ৩২ বারের মতো মাউন্ট এভারেস্ট জয় করে ইতিহাস সৃষ্টি করেছেন। ৫৬ বছর বয়সী এই পর্বতারোহী বিশ্বের এই সর্বোচ্চ শৃঙ্গটি সর্বাধিকবার আরোহণের ক্ষেত্রে নিজের গড়া রেকর্ডটিই ভেঙে দিয়েছেন।

নেপালের কোশি প্রদেশের সোলুখুম্বু জেলায় জন্মগ্রহণকারী কামি রিতা ১৯৯২ সালে তাঁর পর্বতারোহণ জীবন শুরু করেন এবং ১৯৯৪ সালে প্রথমবার এভারেস্ট আরোহণ করেন।

উল্লেখ্য, গত বছরের ২৭ মে তিনি তাঁর ৩১তম আরোহণ সম্পন্ন করেছিলেন।

--------------------

মোহনবাগান সুপার জায়ান্ট ও ইস্টবেঙ্গল আজ আইএসএল ফুটবলের গুরুত্বপুর্ণ ম্যাচে মুখোমুখি হবে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। দুটি দলই ১১ ম্যাচে ২২ পয়েন্ট সংগ্রহ করেছে। এই মুহূর্তে গোল পার্থক্যে ইস্টবেঙ্গল লিগ তালিকায় দ্বিতীয় ও মোহন বাগান তৃতীয় স্থানে রয়েছে। ডার্বি ম্যাচ যে দল জিতবে তারা লিগ জয়ের কাছাকাছি পৌঁছে যাবে। এদিকে, এই ম্যাচ ঘিরে টিকিটের চাহিদা তুঙ্গে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজকের ম্যাচ ঘিরে করা নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে।

--------------------

আই পি এলে আজ দুটি ম্যাচ রয়েছে। প্রথম ম্যাচে ধরমশালায় পাঞ্জাব কিংস , রয়াল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে দুপুর সাড়ে তিনটেয়।

অন্যদিকে, দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে দ্বিতীয় ম্যাচে দিল্লি ক্যাপিটালস, রাজস্থান রয়্যালস এর মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। ১২ ম্যাচে ১৬ পয়েন্ট সংগ্রহ করে আরসিবি পয়েন্ট তালিকায় শীর্ষে রয়েছে। ১২ ম্যাচে ১৩ পয়েন্ট সংগ্রহ করে পাঞ্জাব কিংস চতুর্থ স্থানে রয়েছে। ১১ ম্যাচে ১২ পয়েন্ট নিয়ে রাজস্থান পঞ্চম স্থানে ও ১২  ম্যাচে ১০ পয়েন্ট নিয়ে দিল্লি সপ্তম স্থানে রয়েছে।

-------------------- --------------------